যুগান্তর

তারিখ .... 8 JAN 2010...
পৃষ্ঠা ... ৭ ... কলাম .... ২ .....

মাধ্যমিক স্কুলে চাকরি

# মাদ্রাসা শিক্ষকের পক্ষে হাইকোর্টের রুল

যুগান্তর রিপোর্ট

মাদ্রাসায় চাকরিরত সমযোগ্যতা-সমঅভিজ্ঞতা সম্পন্নদের মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও সহকারী প্রধান শিক্ষক হিসেবে কেন নিয়োগ দেয়া হবে না জানতে চেয়ে হাইকোর্ট রুল জারি করেছেন। এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে বৃহস্পতিবার বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন ও বিচারপতি কামরুল ইসলাম সিদ্দিকীর সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ এ রুল জারি করেন।

জয়পুরহাট সদর উপজেলার উড়ি মাধবপাড়া দাখিল মাদ্রাসার শিক্ষক রানা কুমার সরকার ৫ জানুয়ারি উপজেলার তেঘর উচ্চবিদ্যালয়ের প্রধান শিক্ষক পদের জন্য আবেদন করলে তার আবেদন প্রত্যাখ্যান করা হয়। কারণ হিসেবে বলা হয়, ২০০৯ সালের ৩১ মে শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা পরিপত্র অনুযায়ী মাদ্রাসার কোন শিক্ষক মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক হিসেবে চাকরি পাওয়ার অধিকারী নন।

কিন্তু রানা কুমার মাদ্রাসার শিক্ষক হিসেবে দীর্ঘ ১৪ বছর ধরে গণিত, পদার্থ ও রসায়ন বিষয়ে পড়িয়ে আসছেন। এ ছাড়া তিনি বিএসসি, বিএড ও এমএড ডিগ্রিধারী। এ সত্ত্বেও তার আবেদন প্রত্যাখ্যান করার বৈধতা চ্যালেঞ্জ করে হাইকোর্টে রিট আবেদন করলে শিক্ষা মন্ত্রণালয়সহ সংশ্লিষ্টদের প্রতি ওই রুল জারি করা হয়। রিটকারীর পক্ষে মামলা পরিচালনা করেন সিনিয়র আইনজীবী এবিএম নুরুল ইসলাম।